15

তারিখ 03 JAN 1996
পৃষ্ঠা ১ কলাম ৬

দৈনিক সংবাদ

মহানগরীর স্কুল

# ভর্তি পরীক্ষা হবে ১১ জানুয়ারি থেকে

॥ রাশেদ আহমেদ ॥

ঢাকা মহানগরীর সরকারি স্কুলগুলোতে এ বছরের ভর্তি পরীক্ষা আগামী ১১, ১৩ ও ১৪ই জানুয়ারিতে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার জন্য পয়লা জানুয়ারি সোমবার থেকে ফরম বিতরণ শুরু হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর ঢাকা অঞ্চল গতকাল রোববার এক সার্কুলারে ঢাকা মহানগরীর ২৪টি সরকারি স্কুল কর্তৃপক্ষের কাছে এ নির্দেশ পাঠিয়েছে।

এবার স্কুলে ছাত্রভর্তির জন্য শিক্ষা অধিদপ্তর স্কুলগুলোকে একটি নীতিমালা বেঁধে দিয়েছে। সেই নীতিমালা অনুসারেই ছাত্রছাত্রী ভর্তি হবে।

ভর্তি : পৃ: ৮ক: ৩

## ভর্তি : পরীক্ষা

( ১ম পৃষ্ঠার পর )

ভর্তি পরীক্ষার ফি বাবদ ৩০ টাকা ধার্য করা হয়েছে। প্রতিটি প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকের সভাপতিত্বে এক শিফটবিশিষ্ট স্কুলে ৫ জনের এবং দুই শিফটবিশিষ্ট স্কুলে ৯ জনের পরীক্ষা কমিটি গঠন করতে হবে। এই কমিটিতে সহকারী প্রধান শিক্ষক ও শিক্ষকবৃন্দ অন্তর্ভুক্ত থাকবেন। শিক্ষা অধিদপ্তর প্রতিটি স্কুলের গঠিত কমিটির সদস্যদের নাম আগামী ৭ই জানুয়ারির মধ্যে উপ-পরিচালক, ঢাকা অঞ্চলে পাঠানোর নির্দেশ দিয়েছে।

ভর্তি পরীক্ষা পরিচালনা ও তদারকির জন্য কেন্দ্রীয়ভাবে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর-এর পরিচালকের নেতৃত্বে ৪ জন উপ-পরিচালকের সমন্বয়ে ৫ সদস্যের একটি পরিদর্শন কমিটি গঠন করা হয়েছে।

ঢাকা শহরের ২৪টি সরকারি স্কুলকে ৩টি গ্রুপে বিভক্ত করা হয়েছে। প্রতিগ্রুপে ৮টি স্কুল। ঐ ৮টি স্কুলে একই তারিখে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

'ক' গ্রুপ সরকারি বিজ্ঞান কলেজ, তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, মীরপুর স্কুল, মোহাম্মদপুর স্কুল, আরমানিটোলা স্কুল, খিলগাঁও স্কুল, শেরে বাংলা নগর বয়েজ স্কুল ও গার্লস স্কুলে আগামী ১১ই জানুয়ারি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ফল প্রকাশ হবে ১৪ই জানুয়ারি বেলা ১২ টায়।

'খ' গ্রুপ ঢাকা ল্যাবরেটরী হাইস্কুল, মতিঝিল বয়েজ স্কুল, গার্লস স্কুল, ঢাকা কলেজিয়েট স্কুল, কামরুন্নেছা গার্লস স্কুল টিকাটুলি, তেজগাঁও গার্লস স্কুল ও ধানমন্ডি গার্লস স্কুলে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৩ই জানুয়ারি এবং ফল প্রকাশ হবে ১৬ই জানুয়ারি বেলা ১২ টায়।

'গ' গ্রুপ- নবাবপুর স্কুল, নারিন্দা স্কুল, ঢাকা মুসলিম হাইস্কুল, ইসলামিয়া স্কুল, গনভবন স্কুল, কামরুন্নেছা গার্লস স্কুল, ধানমন্ডি, নিউ গভঃ গার্লস হাইস্কুল, বাংলাবাজার গার্লস স্কুলের পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৪ই জানুয়ারি এবং ফল প্রকাশ হবে ১৭ই জানুয়ারি।

ভর্তি পরীক্ষায় ছাত্রছাত্রীদের নির্বাচিত ও অপেক্ষমাণ তালিকা একসাথে প্রকাশিত হবে।

ঢাকা শহরে সরকারি স্কুল ছাড়া বেসরকারি স্কুলগুলোতে ভর্তি প্রক্রিয়া ডিসেম্বর মাস থেকে শুরু হয়েছে।

ঢাকার বেসরকারি স্কুলগুলোর ভর্তির জন্য শিক্ষা অধিদপ্তরের কাছ থেকে কোন নীতিমালা দেয়া হয়নি। স্কুল কর্তৃপক্ষ তাদের মতো করে ছাত্রছাত্রী ভর্তি করছে।

ঢাকা শহরে ২৪টি সরকারি স্কুল ছাড়া বেসরকারি হাইস্কুল রয়েছে ৩১৮টি। তার মধ্যে ৬২টি গার্লস স্কুল রয়েছে। সরকারি স্কুলের মধ্যে ৮টি গার্লস স্কুল। ঢাকা শহরে সরকারি- বেসরকারি হাইস্কুল মিলে পৌনে তিন লাখের মতো ছাত্রছাত্রী লেখাপড়া করছে বলে শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা গেছে। তার মধ্যে সরকারি স্কুলে ছাত্রছাত্রী সংখ্যা মাত্র ৩৫ হাজারের মতো বলে সূত্র জানায়।

বিভিন্ন স্কুলে খোঁজ-খবর নিয়ে জানা গেছে অধিকাংশ স্কুলে মাধ্যমিক পর্যায়ের ক্লাসে ছাত্রছাত্রী ভর্তি করবে না। আসন সংখ্যা না থাকায় তারা ছাত্রছাত্রী ভর্তি করতে চাচ্ছে না। রেসিডেন্সিয়াল মডেল স্কুলে শুধু তৃতীয় ও নবম শ্রেণীতে ছাত্র ভর্তি করা হবে। ঢাকা শহরে সরকারি প্রাইমারী স্কুল রয়েছে ৩২৫টি। তাছাড়া বেসরকারিভাবে কিন্ডার গার্টেন স্কুল আছে ১ হাজারের ওপরে। এসব স্কুলে শিশু ছাত্রছাত্রী ভর্তি করা হবে। বিভিন্ন সূত্র থেকে জানা যায়, এই নতুন বছরে কিন্ডার গার্টেন ও প্রাইমারী স্কুলগুলোতে প্রায় ১ লাখের মতো শিশু ছাত্রছাত্রী ভর্তি হবে।